# বিআর১০

প্রগতির লম্বা চারা
বেশী পানিতে যায় রোপন করা

ফ্যাক্ট শীটঃ আমন ধানের জাত

## জাত পরিচিতি

বিআর১০ একটি আমন ধানের জাত। এর জনপ্রিয় নাম প্রগতি ।বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৮০ সালে এ জাত উদ্ভাবন করেছে। আন্তর্জাতিক ফলন প্রতিযোগিতায় এ জাত শীর্ষ ফলন তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে।




বিআর১০

## জাতের বৈশিষ্ট্য

- বিআর১০ এর উচ্চতা ১১৫ সেন্টিমিটার ।
- চাল মাঝারি চিকন ।
- ফুল ফোটার সময় ধানের ছড়াগুলো ডিগপাতার নিচে থাকে বলে জাতটিকে সহজেই সনাক্ত করা যায় ।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

বিআর১০ জাতের আলোক সংবেদনশীলতা আছে এবং এটিকে আমন ধানের নাবী জাতের তালিকায় ফেলা যায়। ৪০-৫০ দিনের লম্বা চারা হাঁটু পানিতেও সহজে রোপণ করা যায়। এ কারণে দেশের দক্ষিণাঞ্চলের নিচু এলাকায় জাতটি বেশ জনপ্রিয়।




## জীবনকাল

এর জীবনকাল ১৫০ দিন।

## ফলন

ফলন হেক্টর প্রতি ৫.৫ টন ।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন :** ২৫ জ্যৈষ্ঠ-১৫ আষাঢ় (৮ জুন-২৯ জুন) ।
২. **চারার বয়স :** ২৫-৩০ দিন
৩. **রোপণ দূরত্ব :** ২৫x ১৫ সেন্টিমিটার ।
৪. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):**

৪.১

| ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিংক |
|---|---|---|---|---|
| ২৪ | ১৩ | ৯ | ৮ | ১.৫ |

৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৬০ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করা উত্তম।

৫. **আগাছা দমন :** রোপণের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে ।
৬. **সেচ ব্যবস্থাপনা :** ধানের চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে।
৭. **রোগবালাই দমন :** অনুমোদিত বালাই দমন ব্যবস্থা অনুসরণ করতে হবে ।
৮. **ফসল পাকা ও কাটা :** ১৫ কার্তিক- ১৫ অগ্রহায়ণ (৩০ অক্টোবর -২৯ নভেম্বর) ।

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd